# বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

## রেজিস্ট্রার দপ্তর (সংস্থাপন শাখা)

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬, মোবাঃ ০১৭৬৯-৭২১০১০

ই-মেইল: regoffice@bmu.edu.bd, ওয়েব: www.bmu.edu.bd


বিজ্ঞপ্তি নম্বর:বিএমইউ/রেজি-৩৩৬/২৫/০১ তারিখ: ০১/১২/২০২৫

### নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে:

**শিক্ষক:**

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল এবং পদসংখ্যা | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | প্রভাষক<br><br>(নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং)<br><br>(গ্রেড-০৯, বেতনস্কেল-২২০০০-৫৩০৬০/-)<br><br>পদসংখ্যা: ০১ (এক) টি | ৩২ বৎসর | **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নেভাল আর্কিটেকচার/ ওশান ইঞ্জিনিয়ারিং/ অফশোর ইঞ্জিনিয়ারিং-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। গ্রেডিং পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকিতে হইবে। |

**কর্মকর্তা:**

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল এবং পদসংখ্যা | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ২. | লিগ্যাল অফিসার<br><br>(গ্রেড-৯, বেতনস্কেল ২২,০০০-৫৩,০৬০/-)<br><br>পদসংখ্যা: ০১ (এক) টি | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/ প্রশিক্ষণ/ কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৩. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা<br><br>(গ্রেড-১০, বেতনস্কেল ১৬,০০০-৩৮,৬৪০/-)<br><br>পদসংখ্যা: ০১ (এক) টি | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/ ম্যানেজমেন্ট/মার্কেটিং/ব্যবসায় শিক্ষা বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাব সংরক্ষণ কাজে ৪ বৎসর চাকুরির অভিজ্ঞতা;<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৪. | অফিস সহকারী কাম ডাটা প্রসেসর<br><br>(গ্রেড-১৩, বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/-)<br><br>পদসংখ্যা: ০৩ (তিন) টি | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি পাস। উচ্চতর ডিগ্রিধারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে।<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৫. | ড্রাইভার (হালকা)<br><br>(গ্রেড-১৬, বেতনস্কেল (৯,৩০০-২২,৪৯০/-)<br><br>পদসংখ্যা: ০১ (এক) টি | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/৮ম শ্রেণি/সমমান পাসসহ বিআরটিএ এর হালকা লাইসেন্সধারী হইতে হইবে;<br><br>(খ) **অভিজ্ঞতা:** গাড়ি চালনায় ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br><br>(গ) মোটর ড্রাইভিং-এ সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনী/বিজিবি/আনসার ও ভিডিপির (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |

| | | | |
|---|---|---|---|
| ৬. | ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট<br><br>(গ্রেড-১৯, বেতনস্কেল (৮,৫০০-২০,৫৭০/-)<br><br>পদসংখ্যা: ০১ (এক) টি | ৩২ বৎসর | (ক) শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান বিভাগে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br><br>(খ) অভিজ্ঞতা: কম্পিউটারে পারদর্শী এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |

*** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।**

## শর্তাবলি:

১। **আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত শিক্ষক পদে ০৬ (ছয়) সেট এবং কর্মকর্তা ও কর্মচারী পদে ০২ (দুই) সেট আবেদনপত্র ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে।**

২। **প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান/যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।**

৩। **বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হইতে ১-৩নং পদের জন্য ২০০/০০ (দুইশত) টাকা, ৪-৫নং পদের জন্য ১০০/০০ (একশত) টাকা এবং ৬নং পদের জন্য ৫০/০০ (পঞ্চাশ) টাকা, মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।**

৪। শিক্ষক পদে প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৮ (আট) কপি রঙিন সত্যায়িত ছবি **(প্রতি সেট আবেদনপত্রে এক কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে এবং অবশিষ্ট ২টি ছবি মূল আবেদনপত্রের সাথে স্ট্যাপল করে দিতে হবে)** এবং কর্মকর্তা ও কর্মচারী পদে প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি **(প্রতি সেট আবেদনপত্রে এক কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে এবং অবশিষ্ট ২টি ছবি মূল আবেদনপত্রের সাথে স্ট্যাপল করে দিতে হবে)**,সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে), **বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে ইস্যুকৃত সমমান সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)**, জাতীয় পরিচয়পত্র ও কোটাধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৫। **প্রার্থীকে আবেদনপত্রে প্রদর্শিত অভিজ্ঞতার বিষয়ে অবশ্যই অভিজ্ঞতা সনদ সংযুক্ত করিতে হইবে।**

৬। **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়:সীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।**

৭। **আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হইবে না।**

৮। **অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীদেরকে নিয়োগের জন্য বিবেচনা করা হইবে না।**

৯। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

১০। লিখিত পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত, এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১১। **চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১২। **যেকোন সরকারি চাকুরি হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে তাহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।**

১৩। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১৪। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন। বিশ্ববিদ্যালয় ২০২৬-এ স্থায়ী ক্যাম্পাসে (চট্টগ্রাম) স্থানান্তরিত হতে পারে।

১৫। বিএমইউ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বর্জন, নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত** অথবা **বিলম্বে প্রাপ্ত** আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৭। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য হইতে হইবে। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

রেজিস্ট্রার
বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি